

## প্রাথমিকে শিক্ষক নিয়োগ জালিয়াতি ঠেকাতে পরীক্ষার্থীর সেট কোড ঢাকা থেকেই ১৭ জেলায় পরীক্ষা ৩০ অক্টোবর

### যুগান্তর রিপোর্ট

প্রাথমিকে শিক্ষক নিয়োগ পরীক্ষায় নব্বই ঠেকাতে প্রার্থীর সেট কোড নম্বর ঢাকা থেকেই নির্দিষ্ট করার উদ্যোগ নেয়া হয়েছে। আগামী ৩০ অক্টোবর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক স্তরের সহকারী শিক্ষক নিয়োগের চতুর্থ ধাপের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষা থেকেই নতুন এই বিধান কার্যকর হচ্ছে। বিষয়টি নিশ্চিত করেছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. স্ত্রীমানন্দ চন্দ্র বিশ্বাস। তিনি বলেন, প্রশংসার ঠেকাতে আমরা এর আগে পরীক্ষার আগের রাতে প্রশ্ন করার প্রক্রিয়া বাস্তবায়ন করেছি। তথ্যপ্রযুক্তির সাহায্যে এই প্রশ্ন সবকালে পাঠিয়ে পরীক্ষার কয়েক ঘণ্টা আগে ছাপিয়ে পরীক্ষা নেয়া হচ্ছে। কিন্তু এতেও আমরা সন্তুষ্ট নই। আমাদের কাছে অভিযোগ আসছে, একদশের প্রার্থী পরীক্ষার হলে পাশাপাশি বসে অভিন্ন সেটে পরীক্ষা দিচ্ছে। এটা আমাদের হাতেও ধরা পড়েছে। এ কারণে অনেকের পরীক্ষার ফল বাতিল করা হয়েছে। এই জালিয়াতি ঠেকাতেই এখন আমরা ঢাকা থেকে প্রার্থীর প্রশ্নপত্রের সেট নম্বর বরাদ্দ করে দেয়ার সিদ্ধান্ত নিয়েছি। এর ফলে পরীক্ষার হলে পরিদর্শকদের দায়িত্ব হবে কেবল পরীক্ষার্থীকে বের করে প্রশ্নটি পৌঁছে দেয়া।

জানা গেছে, এই ধাপে ১৭ জেলায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। জেলাগুলো হল— বগুড়া, নওগাঁ, রাজশাহী, সিরাজগঞ্জ, পাবনা, যশোর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, দিনাজপুর, রংপুর,

### কুড়িগ্রাম ও গাইবান্ধা।

এবার মোট প্রার্থীর সংখ্যা ৪ লাখ ৩৬ হাজার ৭৮ জন। ২৯ অক্টোবর থেকে প্রার্থীদের মোবাইল ফোনে এসএমএস পাঠানো শুরু হয়েছে। প্রার্থীরা

[www.dpe.teletalk.com.bd](http://www.dpe.teletalk.com.bd) ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারছেন। ওইদিন সকাল ১০টা থেকে ১১টা ২০ মিনিট পর্যন্ত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের প্রবেশপত্র ছাড়া কেউ কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যামকম্পিউটার, মোবাইল ফোন, ডায়েরি, ব্যাগ, পার্স, ইলেক্ট্রনিক্স ঘড়ি, ইলেক্ট্রনিক্স ডিভাইস সঙ্গে নিতে নিষেধ করা হয়েছে। পরীক্ষা সংক্রান্ত অন্য তথ্য [www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd) ওয়েবসাইট থেকে জানা যাবে।